# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 19 April, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের 'এ' ইউনিটের (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১৯ এপ্রিল) বিকেল তিন টায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়সহ মোট ৩০ টি কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

'এ' ইউনিটে (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) ৩৫০ টি আসনের বিপরীতে ৩২ হাজার ৬৫৮ জনের আবেদন পড়েছিল।সে হিসেবে আসন প্রতি ৯৩ জন শিক্ষার্থী ভর্তিযুদ্ধে অংশগ্রহণ করে।

চাঁদপুর থেকে 'এ' ইউনিটে পরীক্ষা দিতে আসা ইসরাত জাহান লুনা, 'প্রশ্নের মান ঠিক ছিল এবং ফিজিক্স-কেমিস্ট্র ক্যালকুলেশন একটু কঠিন ছিল। অনেক সময় ব্যয় হয়েছিল এই ক্যালকুলেশনগুলোতে।এছাড়া ম্যাথ প্রশ্ন সহজ ছিল।হলের পরিবেশ খুবই ভালো ছিল, এছাড়া স্যাররাও যথেষ্ট আন্তরিক ছিল।

আরেক পরীক্ষার্থী সাবিহা বলেন, 'আলহামদুলিল্লাহ, পরীক্ষা ভালোই হয়েছে! প্রশ্নগুলো মোটামুটি স্ট্যান্ডার্ড ছিল, থিওরির পাশাপাশি কিছু ম্যাথও ছিল। হলের পরিবেশও আলহামদুলিল্লাহ ভালো ছিল, স্বস্তিতে পরীক্ষা দিতে পেরেছি।

'এ' ইউনিটের ভর্তি কমিটির আহবায়ক এবং বিজ্ঞান অনুষদের ডিন সহযোগী অধ্যাপক ড. প্রদীপ দেবনাথ বলেন, 'অসঙ্গতির ঘটনা ঘটেছে এধরনের কোনো সংবাদ আমার কাছে আসেনি। পরীক্ষার সার্বিক বিষয় নিয়ে আমরা সন্তুষ্ট।

ভর্তি পরীক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:13

URL: https://www.timestodaybd.com/campus/1718791063